


## অতি সংক্ষিপ্ত প্রশ্নঃ

১. কম্পিউটার কী?

উত্তর: কম্পিউটার একটি ইলেকট্রনিক ডিভাইস বা যন্ত্র। কম্পিউটার শব্দের অর্থ গণনাকারী যন্ত্র , যা পূর্বে লিখিত নির্দেশনা অনুসারে উপাত্ত , সংক্ষেপে করতে পারে, প্রক্রিয়াজাত করতে পারে ও তথ্য প্রদর্শন করতে পারে।

২. আধুনিক কম্পিউটারের জনক কে?

উত্তর: চার্লস ব্যাবেজ

৩. চার্লস ব্যাবেজকে কম্পিউটারের জনক বলা হয় কেন?

উত্তর: চার্লস ব্যাবেজ ১৮৩৩ সালে অ্যানাল্যাটিক্যাল ইঞ্জিন নামক একটি মেকানিক্যাল কম্পিউার তৈরির পরিকল্পনা করেন। তার এই পরিকল্পনার উপর ভিত্তি করে তৈরি হয়েছে আজকের আধুনিক কম্পিউটার। তাই চার্লস ব্যাবেজকে কম্পিউটারের জনক বলা হয়।

৪. তথ্য প্রযুক্তি বলতে কি বুঝায়?

উত্তর: তথ্য সংগ্রহ, এর সত্যতা ও বৈধতা যাচাই, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, আধুনিকীকরণ, পরিবহন, বিতরণ ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট প্রযুক্তিকে বলা হয় তথ্য প্রযুক্তি।

৫. ENIAC এর পূর্ণনাম কি?

উত্তর: ENIAC এর পূর্ণনাম হলো- Electrical Numerical Integrator and Calculator

৬. বাংলাদেশের কারিগরি শিক্ষাবোর্ড কোন সালে প্রতিষ্ঠিত হয় এবং কোন জেলায় অবস্থিত?

উত্তর: ১৯৫৪ সালে ১নং সংসদীয় আইন বলে বাংলাদেশে কারিগরি শিক্ষা বোর্ড প্রতিষ্ঠিত হয়। এটি ঢাকা জেলায় অবস্থিত।

৭. পৃথিবীর প্রথম কম্পিউটার প্রোগ্রাম রচিয়তা কে?

উত্তর: পৃথিবীর প্রথম কম্পিউটার প্রোগ্রাম রচিয়তা হলেন- লেডি এডা অগাস্টা।

৮. কম্পিউটারের স্মৃতি কত প্রকার?

উত্তর: দুই প্রকার। যথা: প্রাইমারি স্মৃতি এবং অস্থায়ী স্মৃতি।

rsacademybd.

৯. র‍্যাম কী?

উত্তর: র‍্যাম এর পূর্ণরুপ Random access Memory. মাদারবোর্ডের সাথে সরাসরি সংযুক্ত যে স্মৃতিতে গঠন এবং লিখুন দুটি কাজই সম্পন্ন করা যায়, সে স্মৃতিকে র‍্যাম বলে। এটি একটি অস্থায়ী স্মৃতি।

১০. রম কী?

উত্তর: রম এর পূর্ণরুপ হলো Read only memory. প্রধান স্মৃতির এই অংশটি স্থায়ী, অপরিবর্তনীয় ও অধ্বংসাত্নক। কম্পিউটার তৈরি করার সময় এই স্মতিতে কিছু প্রোগ্রাম ঢুকিয়ে দেওয়া হয়। কম্পিউটার বন্ধ করলেও এই স্মৃতিতে রক্ষিত কোনো তথ্য মুছে যায় না। এটি একটি পঠন স্মৃতি।

১১. ৫ টি হার্ডওয়্যার যন্ত্রের নাম লেখ।

উত্তর: কয়েকটি হার্ডওয়্যার যন্ত্রের নাম নিম্নে দেওয়া হলো- মাউস, কীবোর্ড, মনিটর, প্রিন্টার, স্পিকার।

১২. প্রিন্টার কি?

উত্তর: প্রিন্টার হলো একটি আউটপুট ডিভাইস। কম্পিউটারের তথ্য প্রকিয়াকরণের ফলাফলগুলো লিখিত আকারে পাওয়ার জন্য প্রিন্টার ব্যবহার করা হয়।

১৩. মনিটর কাকে বলে?

উত্তর: কম্পিউটারের যাবতীয় কার্যক্রমকে প্রদর্শনের জন্য যে পর্দা ব্যবহার করা হয় তাকে মনিটর বলে।

১৪.কম্পিউটারের মূল অংশ গুলোর নাম লেখ।

উত্তর: কম্পিউটারের প্রধান অংশগুলো হলো-

(i) Input unit
(ii) Output unit
(iii) CPU unit

১৫. CPU এর পূর্ণনাম লেখ।

উত্তর: CPU এর পূর্ণনাম হলো- Central Processing Unit

১৬. BIOS এর পূর্ণনাম লেখ।

উত্তর: Basic input output system এর সংক্ষিপ্ত রুপকেই বলা হয় BIOS। এটি মুলত রমে সংরক্ষিত একটি সফটওয়্যার।

১৭. BIOS প্রোগ্রামের কাজ কী?

উত্তর: কম্পিউটারের মাদারবোর্ডের Firmware chip এর মধ্যে থাকা কতগুলো নির্দেশনার সমষ্টি হচ্ছে বায়োস। কম্পিউটারের কী- বোর্ড থেকে শুরু করে মাউস, ইউএসবি, এবং অন্যান্য ইন্টিগ্রেড/ নন ইন্টিগ্রেড ডিভাইস সার্পোট করার জন্য প্রয়োজনীয় ড্রাইভগুলো বায়োসেইস লোড হয়। বুট অর্ডারে অ্যাক্সেস করা, হার্ডডিস্ক ইনিশিয়ালাইজ করা, মনিটরে আউটপুট দেখানো সহ আরো অনেক কাজ বায়োসের মাধ্যমেই হয়ে থাকে।

১৮.কয়েকটি কম্পিউটার অ্যান্টিভাইরাসের নাম লেখ।

উত্তর: কয়েকটি অ্যান্টিভাইরাস সফটওয়্যার হলো- Kaspersky, Avira, Avast, Norton

১৯. Scanner এর কাজ কী?

উত্তর: Scanner এর মাধ্যমে বিভিন্ন প্রকার ছবি বা তথ্য কম্পিউটারে অবজেক্ট আকারে ইনপুট করা হয়

২০. পেন ড্রাইভ এর কাজ কী?

উত্তর: পেন ড্রাইভ দ্বারা খুব সহজে তথ্য সংরক্ষণ ও স্থানান্তর করা যায়।

rsacademybd.com

২১. চারটি Input device এর নাম লেখ।

উত্তর: চারটি Input device এর নাম হলো:

1. Keyboard
2. Mouse
3. Scanner
4. Joystick

২২. Anti-virus program সফটওয়্যার এর কাজ কী?

উত্তর: অ্যান্টিভাইরাস হলো একধরনের প্রোগ্রাম , যা কম্পিউটারকে ভাইরাস মুক্ত করে, কম্পিউটারে ভাইরাস বিশিষ্ট ফাইল বা প্রোগ্রাম ব্যবহার কালে সংকেত প্রদান করে এবং কম্পিউটারকে ভাইরাসের আক্রমণ থেকে রক্ষা করে । মোট কথা, কম্পিউটার ভাইরাস থেকে রক্ষা পাওয়ার জন্য অ্যান্টিভাইরাস ব্যবহার করা হয়।

২৩. Pen drive কে I/O ডিভাইস বলা হয় কেন?

উত্তর: পেন ড্রাইভ কম্পিউটারের সহায়ক মেমরি হিসাবে কাজ করে থাকে। এর সাহায্যে ডাটা যেমন ইনপুট করা যায় তেমনি আউটপুটকৃত ডাটা স্টোর করা যায়, বিধায় এই সহায়ক মেমরি একই সাথে ইনপুট ও আউটপুটের কাজ করে। এ কারণে pen drive কে I /O ডিভাইস বলা হয়।

২৪. OMR কী?

উত্তর: অপটিক্যাল মার্ক রিকগনাইজার (Optical mark recognizer) এর সংক্ষিপ্ত রুপ হলো OMR। এটি একটি বিশেষ ধরনের ইনপুট ডিভাইস। বিশেষ OMR শিটের মার্ককে পাঠ করে নির্দিষ্ট ফরমের ডাটা তৈরি করে।

২৫. অ্যাপ্লিকেশন সিস্টেম কী?

উত্তর: বিভিন্ন সমস্যা সমাধান বা তথ্য প্রক্রিয়াকরণের জন্য ব্যবহৃত প্রোগ্রামকে ব্যবহারিক প্রোগ্রাম বা অ্যাপ্লিকেশন সফটওয়্যার বলে।

২৬. অপারেটিং সিস্টেম কী?

উত্তর: অপারেটিং সিস্টেম কতিপয় প্রোগ্রামের সমষ্টি, যা কোনো কম্পিউটার সিস্টেমের রিসোর্সসমূহকে নিয়ন্ত্রণ, পর্যবেক্ষণ ও তত্ত্বাবধান করে।

২৭. কম্পিউটার সফটওয়্যার কী?

উত্তর: কোনো সমস্যা সমাধানের জন্য কম্পিউটারের ভাষায় ধারাবাহিকভাবে লিখিত সুশৃঙ্খল কতগুলো নির্দেশের সমষ্টিকে সফটওয়্যার বলে।

২৮. হার্ডওয়্যার যদি কম্পিউটারর দেহ হয় তাহলে সফটওয়্যার কম্পিউটারের কী?

উত্তর:হার্ডওয়্যার যদি কম্পিউটারর দেহ হয় তাহলে সফটওয়্যার কম্পিউটারের প্রাণ

২৯. Shut down কমান্ডের কাজ কী?

উত্তর: Windows operating system হতে বের হয়ে কম্পিউটার বন্ধ করে দেওয়াই হলো Shut down কমান্ডের কাজ। Alt+F4

৩০. অপারটিং সিস্টেমের কাজ কী?

উত্তর: Operating system কম্পিউটারর Hardware কে সচল করে এবং Hardware এবং Software এর মধ্যে সংযোগ স্থাপনের কাজ করে থাকে।

৩১. একটি System software ও একটি Application software এর নাম লেখ।

উত্তর: Windows 2007 একটি System software এবং Microsoft office 2007 একটি Application software.

rsacademybd.com

৩২. বিট, বাইট কী?

উত্তর: বাইনারি নাম্বার পদ্ধতিতে ব্যবহৃত অংক ০ (শূণ্য) এবং ১ (এক) কে বিট বলে।

৩৩. কত কিলোবাইটে ১ মেগাবাইট?

উত্তর: 1024 KB=1MB

৩৪. ১০১১ কে ডেসিমেল সংখ্যায় রুপান্তর কর।

উত্তর: $(11)_{10}$

৩৫. কয় Bit –এ 1 Byte?

উত্তর:8 Bit এ 1 Byte

৩৬. $(১১)_{২}$ বাইনারি ডেসিমেলে রুপান্তর কর।

উত্তর: $(১১)_{২}$ বাইনারি ডেসিমেলে রুপান্তর-১, $\frac{২}{৩}$

৩৭. ১ টেরাবাইট সমান কত কিলোবাইট?

উত্তর: ১ টেরাবাইট সামন ১০২৪ গিগাবাইট।

৩৮.1 GB বলতে কি বুঝায়?

উত্তর: 1 GB বলতে বুঝায় , এক গিগাবাইট। গিগাবাইট হলো ডিজিটাল তথ্য স্টোরেজ এর জন্য একাধিক একক বাইট। এটি স্টোরেজ ডিভাইস সমূহের ধারণ ক্ষমতার একক। আন্তর্জাতিক একক পদ্ধতিতে প্রিফিক্স গিগার অর্থ $10^9$ , সুতরাং 1 গিগাবাইটে হয় 10000000000 বাইট। গিগাবাইট এককের প্রতীক হলো GB বা Gbyte

৩৯. 1 টেরাবাইট সমান কয় মেগাবাইট?

উত্তর: 1 টেরাবাইট সমান $1.152921505 \times 10^{18}$MB

৪০. Dos ও Windows কী?

উত্তর: Dos ডস শব্দের অর্থ Disk Operating system. এটি একটি বর্ণভিত্তিক অপারেটিং সিস্টেম।

Windows একটি চিত্রভিত্তিক অপারেটিং সিস্টেম।

৪১.হেক্সাডেসিমেল নাম্বারিং সিস্টেম বলতে কি বুঝায়?

উত্তর: হেক্সাডেসিমেল সংখ্যা ভিত্তি হলো ১৬ বা হেক্স, যখন বাইনারি বিট সংখ্যা অনেক বেশি করা হয়। এতে ১৬ টি অংক আছে, যেমন-0, 1, 2, 3, 4, 5, 6, 7, 8,9,

৪২. Windows XP বলতে কি বুঝায়?

উত্তর: Computer পরিচালনা করার জন্য একটি System software

৪৩. Programs কমান্ড মাউস পয়েন্টার রাখলে কি দেখা যায়?

উত্তর: List box দেখা যায়।

৪৪.Keyboard এ End key এর কাজ কী?

উত্তর: Line এর শেষে Cursor কে স্থানান্তর করা End key এর কাজ।

৪৫. Dialog box কী?

উত্তর: Text box এবং Message সম্বলিত যেখানে প্রয়োজনীয় নির্দেশনা যেমন Ok, Cancel, Save ইত্যাদি তথ্য থাকে।

৪৬. DVD এর Capacity কত?

উত্তর:750 MB থেকে 4GB পর্যন্ত বিভিন্ন মানের হয়ে থাকে।

৪৭. কী- বোর্ডে কত গুলো কী থাকে?

উত্তর: 104 টি বা কখনও কখনও এর চেয়েও বেশি।

rsacademybd.com

৪৮. ফোল্ডারের কিছু সংখ্যক ফাইল নির্বাচন করার ধাপগুলো ধারাবাহিক ভাবে লেখা যায় কীভাবে?

উত্তর: Folder এর উপর Mouse পয়েন্টার রেখে Right button click> open> Double click করে Ctrl key চেপে যে ফাইল নির্বাচন করার প্রয়োজন, যে ফাইলের উপর মাউস দিয়ে ক্লিক করে নির্দিষ্ট ফাইলগুলো নির্বাচন করা যায়।

৪৯.ডকুমেন্টের কিছু অংশে বোল্ড করার কমান্ড লিখ।

উত্তর: Shift+ arrow key এবং Ctrl+B

৫০. Replication এর কাজ কী?

উত্তর: Table এর ছায়া Table তৈরির জন্য সাধারণত ব্যবহৃত হয়ে থাকে।

৫১. ফোল্ডার তৈরি করা হয় কীভাবে?

উত্তর: Mouse এর Right বাটন ক্লিক + New ক্লিক+ Folder এ ক্লিক করতে হবে, Restore এ ক্লিক করতে হবে।

৫২.রিসাইকেল বিন থেকে ফাইল উদ্ধারের ধাপগুলো লেখ।

উত্তর: Recycle bin > File name select করতে হবে, File এ ক্লিক করতে হবে, Restore এ ক্লিক করতে হবে।

৫৩. কম্পিউটার পরিচালনায় Windows সফটওয়্যারের প্রয়োজনীয়তা কী?

উত্তর: কম্পিউটার পরিচালনার ক্ষেত্রে উইন্ডোজ সফটওয়্যার এর প্রয়োজনীয়তা অপরিসীম। উইন্ডোজ অপারেটিং সফটওয়্যার ব্যতীত কম্পিউটার পরিচালনা করা সম্ভব না।

৫৪. File ও Folder কী?

উত্তর: ফাইল: যখন কোনো document কে কোনো নাম দিয়ে সংরক্ষণ করা হয় এবং তার এক্সটেনশন থাকে, তখন তাকে File বলে।

ফোল্ডার: ফোল্ডারের মধ্যে ফাইল রাখা যায়। তা ছাড়াও ফোল্ডারের ফোল্ডারও রাখা যায় একে সাব ফোল্ডার বলে।

৫৫. Computer Virus কী?

উত্তর: কম্পিউটারের পরিভাষায় ভাইরাস শব্দের পূর্ণরুপ – Vital Information resources Under seize. যার অর্থ গুরত্বপূর্ণ উৎসগুলো বাজেয়াপ্ত করা । কম্পিউটার Virus কম্পিউটারের ফোল্ডারগুলোকে নষ্ট করে ফেলে।

৫৬. কয়েকটি ক্ষতিকারক ভাইরাসের নাম লেখ।

উত্তর: CIH virus, Bad boy virus, Horse virus, Love bag virus.

৫৭. computer virus এর কাজ কী?

উত্তর: কম্পিউটারের বিভিন্ন প্রোগ্রামাকে ধ্বংস করে দেয়া। ভাইরাস আক্রান্ত হলে কম্পিউটারে বিভিন্ন সমস্যা দেখা দেয়।

৫৮. Mark-1 কী?

উত্তর: Mark-1 হচ্ছে পৃথিবীর প্রথম কম্পিউটার বা গণনাকারী যন্ত্র। এটি বর্তমানে হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান জাদুঘরে রয়েছে।

৫৯. System software কী?

উত্তর: যে সফটওয়্যার, হার্ডওয়্যারসমূহকে সচল করে এবং তাদের পরিচালনায় সহযোগীতা প্রদান করে , সেই সফটওয়্যারকে সিস্টেম সফটওয়্যার বলে।

৬০. LED এর পূর্ণরুপ কী?

উত্তর: LED এর পূর্ণরুপ হলো- Light Emitting diode

rsacademybd.com

৬১. কম্পিউটারের ২ টি I/O ডিভাইসের নাম লেখ।

উত্তর: কম্পিউটারের ২ টি I/O ডিভাইসের নাম হলো-

ক. Flash memory খ. CD/ DVD writer

৬২. Recycle bin কী?

উত্তর: রিসাইকেল বিন হলো অপ্রয়োজনীয় ডিলিটকৃত ডাটা সংরক্ষিত রাখার একটি ফোল্ডার। এখান থেকে ডিলিটকৃত ডাটা পুনরায় ফিরিয়ে নেয়া যায়।

৬৩. save ও save as এর পার্থক্য কি?

উত্তর: কোনো ডকুমেন্ট তৈরি করার পর সেটিকে প্রথম বারের মতো সেভ করতে চাইলে Save ব্যবহার করা হয়। আবার পূর্বের কোনো ডকুমেন্ট এ নতুন কোনো অবজেক্ট সংযোগ করার প্রয়োজন হলে তখন save as ব্যবহার করা হয়।

৬৪. Merge cells বলতে কি বুঝায়?

উত্তর: একাধিক সেল একত্রিত করাকে Merge cell বলা হয়।

৬৫. ইংরেজি প্রতিশব্দ কীভাবে বের করতে হয়? লেখ।

উত্তর: Review> spelling and grammar > Spelling and Grammar Dialog box হতে Suggestion এ প্রতিশব্দ দেখা যাবে।

৬৬. MS word এ কীভাবে Page setup / margin set up করা যায়, তা বর্ণনা কর।

উত্তর: MS word ২০০৭/ ২০১০/ ২০১৩ ভার্শনের ক্ষেত্রে page layout option Margin option এ Click করতে হবে। একটি ড্রপডাউন লিস্ট আসবে, list থেকে অপশন হতে Left, right, top, Bottom প্রয়োজনীয় মার্জিন সিলেক্ট করে ok বাটনে Click করতে হবে।

৬৭. MS Word এ মেইল মার্জ বলতে কী বুঝায়?

উত্তর: একই চিঠি, মেইলিং লেবেল বা বিজ্ঞপ্তি যদি বিভিন্ন ঠিকানায় ভিন্ন ভিন্ন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট পাঠানোর প্রয়োজন হয়, তখন উক্ত চিঠির সাথে ভিন্ন ভিন্ন ঠিকানাকে একত্র করে খুব সহজে অল্প সময়ে পূর্ণাঙ্গ চিঠি গঠন করার পদ্ধতিকে মেইল মার্জ বলে।

৬৮. MS Word এ ম্যাক্রো ব্যবহারের সুবিধা উল্লেখ কর।

উত্তর: MS Word এ ম্যাক্রো ব্যবহারের সুবিধা হলোঃ

ক. এক কাজ বার বার করার প্রয়োজন হয় না ।

খ. কম সময়ে অনেক বেশি কাজ সম্পন্ন করা যায়।

গ. নির্ভুলভাবে কাজ সম্পাদন করা যায়।

৬৯. Column Break করার জন্য কীবোর্ড থেকে প্রদত্ত কমান্ড কী?

উত্তর: Alt+I, B, C Enter

৭০. Macro কী?

উত্তর: কয়েকটি কমান্ডের সমষ্টিকে Macro বলে।

৭১. MS Word এ Mail merge ব্যবহারের সুবিধা উল্লেখ কর।

উত্তর: Mail merge ব্যবহারের ফলে একই চিঠি অনেকগুলো ঠিকানায় প্রেরণের সুবিধা পাওয়া যায়।

৭২. Ctrl+ Z কমান্ডের কাজ লেখ।

উতর: undo করার জন্য।

rsacademybd.com

৭৩. কী বোর্ড থেকে প্রদত্ত প্রিন্ট কমান্ডটি লেখ।

উত্তর: Ctrl+ p

৭৪. File menu Bar- এ ব্যবহৃত চারটি Sub menu এর নাম লেখ।

উত্তর: save, save as, Print, page setup

৭৫. File মেনুর পাঁচটি কমান্ডের নাম লেখ।

উত্তর: save, save as, Print, page setup, new, file, open file.

৭৬. ডকুমেন্ট প্রিন্ট করার ধাপগুলো উল্লেখ কর।

উত্তর: File> Print,> Print dialog box হতে প্রয়োজনীয় Option select করে Ok.

৭৭. copy paste শর্টকার্ট কমান্ড কী?

উত্তর: copy command: Ctrl+ C, paste command: Ctrl+V

৭৮. Cut এর শর্টকার্ট কমান্ড কী?

উত্তর: Cut command: Ctrl+ X

৭৯. MS word এ column কোন মেনুর অধীনে?

উত্তর: Format menu

৮০. Page setup কাকে বলে?

উত্তর: এম এস অফিস এর কোনো প্রোগ্রাম কোনো ডকুমেন্ট তৈরি করার পর সেটা প্রিন্ট দিতে হলে, কোন আকারের পৃষ্ঠা ব্যবহার হবে, পৃষ্ঠার মার্জিন কতটুকু হবে এসব কিছুকে একত্রে পেজ সেট আপ বলে।

৮১. Header কী?

উত্তর: প্রতিটি পৃষ্ঠার মার্জিনের উপরের অংশই হলো হেডার।

৮২. একটি English font এবং একটি Bangla font এর নাম লেখ।

উত্তর: বহুল প্রচলিত English font হলো Times new roman এবং Bangla font হলো Sutonny MJ

৮৩. ফাইল সেভ করলে কী ঘটে?

উত্তর: ফাইল সেভ করলে একটি নির্দিষ্ট নামে কোনো একটি ডকুমেন্টকে সংরক্ষণ করা যায়।

৮৪. Bijoy keyboard Bangla to English বা English to Bangla করার শর্টকার্ট কমান্ড কী?

উত্তর: Ctrl+Alt+B

৮৫. Footnote কী ?

উত্তর: প্রতিটি পৃষ্ঠার নিচে টীকা লেখা হলো ফুটনোট।

৮৬. Text alignment কয় প্রকার লেখ।

উত্তর: ৪ প্রকার। যেমন: Left, right, center, justify

৮৭. Print preview এর কাজ কী?

উত্তর: কোনো ডকুমেন্ট Print করার পূর্বে তা দেখার জন্য Print preview ব্যবহৃত হয়।

৮৮. বিজয় ৫২ কে তৈরি করেছেন?

উত্তর: মোস্তফা জব্বার।

৮৯. MS word এর Menu bar এ ব্যবহৃত Menu গুলোর নাম লেখ।

rsacademybd.com

উত্তর: File, insert, View, Edit, format, tools, Table, windows, help.

৯০. Document close করার কী বোর্ড কমান্ড লেখ।

উত্তর: Ctrl+W

৯১. MS word এ Ctrl+D কমান্ডটি প্রয়োগ করলে কী আসে?

উত্তর: Font ডায়ালগ বক্স আসবে।

৯২. কোনো প্যারাকে left, right, এবং center করার কী বোর্ড কমান্ড লেখ।

উত্তর: ব্লক করার পর Ctrl+ left, Ctrl+ right, Ctrl+ E, এছাড়া Justify এর জন্য Ctrl+J ব্যবহৃত হয়।

৯৩. ক্ষ লিখতে কী বোর্ড থেকে ইংরেজি কোন কোন কী চাপতে হয়?

উত্তর: ক+ষ ( j, G, Shift+N)

৯৪. MS Word এ page setup করার ধাপ উল্লেখ কর।

উত্তর: ক. page setup dialog box আসবে।

খ. Margin size change

গ.Paper size change

ঘ. Paper source change

ঙ. Page layout করণ

৯৫. এম এস ওয়ার্ড একটি কোন ধরনের সফটওয়্যার?

উত্তর: এম এস ওয়ার্ড একটি ওয়ার্ড প্রসেসিং সফটওয়্যার।

৯৬. Row/ column auto fit কেন করা হয়?

উত্তর: Row/ column এর Height এবং Width স্ট্যান্ডার্ড সাইজ রাখার জন্য Auto fit ব্যবহার করা হয়।

৯৭. Word art কী?

উত্তর: Word art হলো এম এস ওয়ার্ডে ব্যবহৃত একটি বিশেষ ইফেক্ট। এর মাধ্যমে ডকুমেন্টের টেক্সটকে ডেকোরেটিভ করা হয়।

৯৮. Editing screen কী?

উত্তর: এডিটিং স্ক্রিন হলো স্ক্রিনে টেক্সট এডিট করার প্রক্রিয়া।

৯৯. নতুন File খোলার জন্য কী Command ব্যবহার করা হয়?

উত্তর:Ctrl+N

১০০. লুকানো Column খুঁজে বের করতে কী ব্যবহার করা হয়?

উত্তর: Select all column> home> format> Visibility> Hides> Unhide> unhide columns.

১০১. Capitalize Each word এ বাক্যটি লেখ।

উত্তর: A Quick Brown Fox Jumps Over The Lazy Dogs. অর্থাৎ Title case এ প্রতিটি Word এর প্রথম অক্ষর capital হবে।

১০২. কোনো লেখাকে বড় করার কী বোর্ড কমান্ড কী?

উত্তর:Ctrl+]

১০৩. File ও Record এর মাঝে ১ টি পার্থক্য লেখ।

rsacademybd.com

উত্তর: ডাটা টেবিলের ফিল্ডসমূহের অধীনে যে সব তথ্যাবলি সারি বা সারিসমূহের এন্ট্রি করা হয়, উক্ত প্রতিটি সারির তথ্যাবলির সমষ্টি হলো রেকর্ড। অপরদিকে ফাইল হচ্ছে এক বা একাধিক টেবিল বা তথ্যের আধার।

১০৪. Table Marge করা বলতে কী বুঝায়?

উত্তর: দুটো টেবিলকে একত্রিত করাকে টেবিল মার্জ করা বলে।

১০৫. A4 সাইজের কাগজের দৈর্ঘ্য ও প্রস্থ কত?

উত্তর: সাইজের কাগজের দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে ১১.৬৯ ইঞ্চি, ও ৮.২৭ ইঞ্চি।

১০৬. Word processing কাজে কোন সফটওয়্যার ব্যবহার করা হয় ?

উত্তর: এমএস ওয়ার্ড ব্যবহার করা হয়।

১০৭. MS word এর Ribbon এ ব্যবহৃত চারটি Sub menu এর নাম লেখ।

উত্তর: MS word এর Ribbon এ ব্যবহৃত চারটি Sub menu হচ্ছেঃ New, open, save, close

১০৮. Mail merge কে ব্যবহার করা হয়?

উত্তর: একই চিঠি, মেইলিং লেবেল বা বিজ্ঞপ্তি যদি বিভিন্ন ঠিকানায় ভিন্ন ভিন্ন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট পাঠানোর প্রয়োজন হয় তখন তাকে Mail merge বলে।

১০৯. দুটি বাংলা ফন্টের নাম লেখ।

উত্তর: দুটি বাংলা ফন্টের নাম হলোঃ

১. Nikosh ২. sutonnyMj

১১০. Legal কাগজের দৈর্ঘ্য ও প্রস্থ কতো ইঞ্চি?

উত্তর: Legal কাগজের দৈর্ঘ্য ও প্রস্থ ১৪ ইঞ্চি ও ৮.৫ ইঞ্চি

১১১. Letter কাগজের দৈর্ঘ্য ও প্রস্থ কতো ইঞ্চি?

উত্তর: Letter কাগজের দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে ১১ ইঞ্চি ও ৮.৫ ইঞ্চি

১১২. A3 কাগজের দৈর্ঘ্য ও প্রস্থ কতো ইঞ্চি?

উত্তর: A3 কাগজের দৈর্ঘ্য ও প্রস্থ ১৬.৫৪ ইঞ্চি ও ১১.৬৯ ইঞ্চি

১১৩. স্পেডশীট প্রোগ্রাম কী?

উত্তর: স্পেডশীট শব্দটির আভিধানিক অর্থ ছড়ানো পাতা। মাইক্রোকম্পিউটারের জন্য তৈরি ছড়ানো পাতার মতো সেলভিত্তিক বিশাল কার্য় এলাকাবিশিষ্ট হিসাবনিকাশের প্রোগ্রাম বা সফটওয়্যারকে স্পেডশিট প্রোগ্রাম বলে।

১১৪. কয়েকটি স্প্রেডশিট প্রোগ্রামের নাম লেখ।

উত্তর: উল্লেখ্যযোগ্য কয়েকটি স্পেডশিট প্রোগ্রাম হচ্ছে-

ক. মাইক্রোসফট এক্সেল খ. লোটাস ১-২-৩

গ.কোয়াট্রো প্রো ঘ. সুপারক্যাল্ক

ঙ. সরকিম চ. মাল্টিপ্লান।

১১৫. টেবিল মার্জ বলতে কি বুঝায়?

উত্তর: দুটো টেবিলকে একত্রিত করাকে টেবিল মার্জ বলে।

১১৬.ওয়ার্কবুক কাকে বলে?

উত্তর: মাইক্রোসফট এক্সেল ডকুমেন্টকে বলা হয় ওয়ার্কবুক। যখন প্রোগ্রাম রান করা হয় তখন একটি খালি ওয়ার্কবুক কাজের জন্য তৈরি থাকে। একটি ওয়ার্কবুকে এক বা একাধিক ওয়ার্কশিট থাকতে পারে।

rsacademybd.com

১১৭. হরিজন্টাল স্ক্রলবার কী?

উত্তর: বড় ডকুমেন্ট নিয়ে কাজ করার সময় পর্দায় সকল রেখা একই সাথে দেখা যায় না। প্রয়োজন অনুযায়ী দ্রুত ডকুমেন্টের যে কোনো জায়গায় গিয়ে তা পর্দায় করার জন্য পর্দায় নিচের দিকে ডানে বামে যে স্ক্রলবার দেখা যায়, তাকে হরিজন্টাল স্ক্রলবার বলে।

১১৮. ফাংশন কী?

উত্তর: কোনো বিশেষ হিসাবনিকাশ সম্পাদনের জন্য, মান নির্ণয়ের জন্য স্প্রেডশিটগুলোতে পূর্বে থেকে নির্ধারিত ফর্মূলাকে ফাংশন বলে।

১১৯. সেল অ্যাড্রেস কী?

উত্তর: ওয়ার্কশিট এর প্রতিটি ঘরকেই সেল বলা হয়। সেলসমূহের অ্যাড্রেসে নির্ধারণ করা হয় রো ও কলাম দ্বারা। অর্থাৎ রো ও কলাম দ্বারা কোনো সেলকে নির্ণয় করাকেই সেল অ্যাড্রেস বলা হয়।

১২০. পয়েন্টার প্রথম সেলে আনার নিয়ম কী?

উত্তর: পয়েন্টার প্রথম সেলে আনতে হলে পয়েন্টারকে প্রথমে সেলে রেখে মাউসের লেফট বাটন click করতে হবে।

১২১. Cell এর নামকরণ করতে হয় কেন?

উত্তর: সেল এর নামকরণ করতে হয় সেলকে সঠিকভাবে আইডেন্টিফাই করার জন্য।

১২২. Excel এ ‘‘=’’ চিহ্ন কখন ব্যবহৃত হয়?

উত্তর: Function formula লেখার জন্য।

১২৩. একটি ওয়ার্কশিটে কয়টি Row এবং Column থাকে?

উত্তর: 2003 এRow=৬৫৫৩৬ টি এবং Column = ২৫৬ টি।

১২৪. Equation editor কী?

উত্তর: গাণিতিক সূত্র লেখার জন্য একটি প্রোগ্রাম।

১২৫. Excel এ কোন Cell এর address এ কী কী ব্যবহৃত হয়?

উত্তর: Cell এর address এ প্রথমে কলাম এর নাম ও পরে রো এর নাম্বার লেখা হয়।

১২৬. MS Excel এর সাহায্যে পাই চার্ট নির্নয়ের পদ্ধতি লেখ।

উত্তর: Insert> chart> chart type> থেকে পাই (pie) > chart- sub type> Next> Next> Finish

১২৭.Worksheet protect করা হয় কীভাবে?

উত্তর: যে ফাইলটির ওয়ার্কশিট প্রটেক্ট করতে হবে সেই ফাইলটি Open করতে হবে। এম. এস এক্সেল ২০০৭/ ২০১০/ ২০১৩ এর ক্ষেত্রে Review ট্যাবে click করতে হবে। Protect sheet ডায়ালগ বক্স আসবে। ডায়ালগ বক্সটিতে Password দিয়ে Ok বাটনে প্রেস করতে হবে। এরপর Confirm password দিয়ে পুনরায় Ok বাটনে press করতে হবে।

১২৮. Excel program এ কোনো নির্দিষ্ট অংশ প্রকাশের জন্য কী ব্যবহার করা হয়?

উত্তর: Select cell range

১২৯. এক্সেল প্যাকেজ দিয়ে কোন কোন ধরনের কাজ করা যায়?

উত্তর: এক্সেল প্যাকেজ দিয়ে বিভিন্ন ধরনের হিসাব নিকাশ করা যায়।

১৩০. MS Excel Program এ Default column width কত?

উত্তর:8.43

১৩১. MS Excel এ if () ফাংশন এর একটি উদাহরণ দাও।

rsacademybd.com

উত্তর: ফাংশনের মাধ্যমে বের করার উদাহরণঃ =if(h2>=800,"a+"if(h2>=700,"a'',if(h2>=450,"b'',if(h2>=350,"c'',if(h2>=300,"d'',"f''))))) 

১৩২. রিলেটিভ ও অ্যাবসলুট সেল অ্যাড্রেসের মাঝে পার্থক্য লেখ।

উত্তর: রিলেটিভ অ্যাড্রেস পরিবর্তনশীল আর অ্যাবসলুট অ্যাড্রেস অপরিবর্তনশীল।

১৩৩. Excel Program চালু করলে কয়টি শিট চালু হয়?

উত্তর: ৩টি

১৩৪. Number টাইপের Total ফিল্ডে 0 অপেক্ষা বড় এবং 100 অপেক্ষা ছোট সংখ্যা প্রদান করার জন্য Validation Rule এ ঘরে কী লিখতে হবে?

উত্তর: > 0 and <100.

১৩৫. এক্সেল ও চার্ট তৈরি করার পদ্ধতি উল্লেখ কর।

উত্তর: Select data range Insert> chart> chart type Select> Chart sub type সিলেক্ট করে Next> Next> Next>Finish.

১৩৬. স্প্রেডশিট প্যাকেজ দিয়ে কী কাজ করা হয়?

উত্তর:স্প্রেডশিট প্যাকেজ দিয়ে accounting এর কাজ করা যায়।

১৩৭. MS Excel এ আয়তকার অসংখ্য ঘরগুলোকে কী বলা হয়?

উত্তর: MS Excel এ আয়তকার অসংখ্য ঘরগুলোকে বলা হয় সেল।

১৩৮. MS Excel এ Default sheet tab কয়টি থাকে?

উত্তর: MS Excel এ Default sheet tab সাধারণত ৩ টি থাকে। যথা-Sheet1, Sheet 2, sheet 3

১৩৯. MS Excel এ F2 key কী কাজে ব্যবহৃত হয়?

উত্তর: কোনো Cell এর ডাটাকে Edit করার জন্য সেলের অভ্যন্তরে Cursor স্থাপনের ক্ষেত্রে।

১৪০.রিলেটিভ ও অ্যাবসলুট সেল অ্যাড্রেস এর একটি উদাহরণ দাও।

উত্তর: Row এবং Column এর সমন্বয়ে সরাসরি যে সেল অ্যাড্রেস ব্যবহার করা হয় ( যেমন – B কলামের 3 নং Row এর জন্য B3, D কলামের 5 নং Row এর জন্য D5 ইত্যাদি ) তাকে রিলেটিভ সেল অ্যাড্রেস বলে। অন্যদিকে , $চিহ্ন ব্যবহার করে যে সেল অ্যাড্রেস লিখা হয় ( যেমন- $A1: $A5), তাকে অ্যাবসলুট সেল অ্যাডেস বলে।

১৪১.এম এস এক্সেল কী?

উত্তর: মাইক্রোসফট এক্সেল হচ্ছে স্প্রেডশিট অ্যানালাসিস প্রোগ্রাম। এর দ্বারা দৈনন্দিন হিসাবনিকাশ করা থেকে শুরু করে যাবতীয় ব্যবসা বাণিজ্যের বিভিন্ন রকমের আর্থিক হিসাবনিকাশ তৈরিতে প্রোগ্রামটির জুড়ি নেই। তা ছাড়া এ প্রোগ্রাম দ্বারা কোনো ডেটাকে চার্টের মাধ্যমে উপস্থাপন করা যায়।

১৪২. এক্সেলের ফর্মুলার একটি উদাহরণ দাও।

উত্তর: = count ($A_1$: $A_{10}$)

১৪৩. B2 হতে D8 পর্য়ন্ত সেলগুলোর ডাটা যোগ করার MS Excel এর Sum ফাংশনটি লেখ।

উত্তর: = Sum (B2: D8)

১৪৪. C5 সেলের ডাটা 33 বা তার বেশি হলে pass এবং কম হলে Fail ছাপানোর একটি ফাংশন লেখ।

উত্তর: = If ( C5>33, "Pass" "Fail").

১৪৫. MS Excel তৈরি করা যায়, এমন দু' প্রকার Chart/ গ্রাফের নাম লেখ।

rsacademybd.com

উত্তর: MS Excel তৈরি করা যায়, এমন দু' প্রকার Chart/ গ্রাফের নাম হলো- ক. কলাম খ. পাই গ. বার ঘ.লাইন ইত্যাদি।

১৪৬. একটি Excel ডকুমেন্ট প্রিন্ট করার ধাপ গুলো লেখ।

উত্তর:১.ওয়ার্কশিট ওপেন করে, সেটা সিলেক্ট করে নিতে হবে। ২.ওয়ার্কশিট এর উপরে বাম পাশের কোনায় রয়েছে অফিস বাটন।অফিস বাটনে ক্লিক করতে হবে।৩.একটি মেনু আসবে। সেখান থেকে প্রিন্ট অপশনটি সিলেক্ট করতে হবে।৪. একটি প্রিন্ট ডায়ালগ বক্স আসবে। সেখান Print what এ selection অপশন select করে Ok click করতে হবে।

১৪৭. দুটি Spreadsheet সফটওয়্যারের নাম লেখ।

উত্তর: এমএস এক্সেল, ওরাকল, কোয়াট্রো প্রো।

১৪৮. মেনুবার কী?

উত্তর: মাইক্রোসফট এক্সেল প্যাকেজ চালু করলে শীর্ষদেশে টাইটেল বারের নিচে File, Edit, View ইত্যাদি লেখা সংবলিত যে বার রয়েছে, তাকে মেনু বার বলে।

১৪৯. টুলাবর কী?

উত্তর: মেনুবারের নিচে বিভিন্ন প্রতীক সম্বলিত লাইনকে টুলবার বলা হয়। টুলবারের বিভিন্ন টুল ব্যবহার করে এক্সেলে নানা ধরনের কাজ করা হয়ে থাকে।

১৫০. ফর্মুলা বার কী?

উত্তর: স্প্রেডশিটের কলাম অর্থাৎ যেখানে হেডারের নাম লেখা থাকে, ঠিক তার উপরের লাইনটিকে ফর্মুলাবার বলে।

১৫১. ফর্মুলা কী?

উত্তর: ফর্মুলা হলো এক প্রকার সমীকরণ, যা ওয়ার্কশিটে সন্নিবেশিত ডাটাকে গাণিতিক, যুক্তিমূলক ও টেক্সট জাতীয় অপারেশন সম্পন্ন করতে পারে।

১৫২. ফর্মুলা ফ্রিজিং কী?

উত্তর: কোনো ফর্মুলায় ব্যবহৃত সেল রেফারেন্স মানের পরিবর্তন করলে ফর্মুলার গণনাও পরিবর্তন হয়। কিন্তু যদি গণনা অপরিবর্তিত রাখার দরকার হয় তবে সেই ফর্মুলাকে ফ্রিজ করতে হয়। একে ফ্রিজ ফর্মুলা বলে।

১৫৩. A5 সেলে 80 অথবা তার বেশি থাকলে Pass অন্যথায় Fail ছাপানোর If ফাংশনটি লেখ।

উত্তর: A5 সেলে 80 অথবা তার বেশি থাকলে Pass অন্যথায় Fail ছাপানোর If ফাংশনটি হলো- =IF(A5>=80,"Pass", "Fail")

১৫৪. B5 হতে B10 পর্যন্ত সেলগুলো হতে সর্বোচ্চ সংখ্যাটি নির্ধারনের ফাংশনটি লেখ।

উত্তর: B5 হতে B10 পর্যন্ত সেলগুলো হতে সর্বোচ্চ সংখ্যাটি নির্ধারনের MS Excel ফাংশনটি হলোঃ=MAX(B5:B10)

১৫৫. পাওয়ার পয়েন্ট কী ধরনের প্যাকেজ?

উত্তর: মাইক্রোসফট পাওয়ার পয়েন্ট হলো মাইক্রোসফট কর্পোরেশন কর্তৃক তৈরিকৃত একটি প্রেজেন্টেশন সফটওয়্যার।

১৫৬.ডিজাইন টেমপ্লেটের সাহায্যে নতুন প্রেজেন্টেশন তৈরি করার সুবিধা লেখ।

উত্তর: স্বল্প সময়ে দৃষ্টিনন্দন প্রেজেন্টেশন তৈরি করা যায়।

১৫৭. Slide animation প্রদর্শন করার শর্টকার্ট কমান্ড কী?

উত্তর: Shift+ f5

১৫৮. Slide animation প্রদর্শন করার কমান্ড কী?

rsacademybd.com

উত্তর: View> Slide show

১৫৯. Slide এ ডিজাইন টেমপ্লেট ব্যবহারে সুবিধা কী?

উত্তর: (i) Slide animation করা।

(ii) Slide Design করা।

(iii) Background তৈরি করা।

১৬০. একটি প্রেজেন্টেশন সফটওয়্যারের নাম লেখ।

উত্তর: মাইক্রোসফট পাওয়ার পয়েন্ট।

১৬১. Slide sorter কেন ব্যবহার করা হয়?

উত্তর: কোনো প্রেজেন্টেশন এ যদি একাধিক স্লাইড থাকে তবে সবগুলো স্লাইডকে একটি পেজে ছোট ছোট করে দেখে স্লাইড এর ক্রমধারা পরিবর্তন করতে ব্যবহৃত হয়।

১৬২.Animation কী?

উত্তর: অ্যানিমেশন হলো কোনো স্থির ছবি বা চিত্রকে সচল করার পদ্ধতি।

১৬৩. গ্রাফ বা চার্ট কী?

উত্তর: গাণিতিক তথ্যসমূহের চিত্রময় উপস্থাপনকে গ্রাফ বা চার্ট বলে।

১৬৪. Slide notes কী?

উত্তর: Presentation চলাকালে প্রতিটি স্লাইড সম্বন্ধে প্রদর্শনকারী বিভিন্ন ধরনের তথ্য দর্শদেরকে বর্ণনা করে থাকেন। এজন্য প্রতিটি স্লাইড সম্বন্ধে অতিরিক্ত এবং গোপনীয় তথ্য প্রিন্ট করে নিজের কাছে রাখতে পারেন। এটিকে Slide notes বলে।

১৬৫. Word, Excel, ও power point এ তথ্য সংরক্ষণ করার পর যে ফাইল এক্সটেনশন পাওয়া যায় তা লেখ।

উত্তর: Word এর ফাইল এক্সটেনশন .doc, .dot, .dotx, .docx ইত্যাদি।

১৬৬. Slide animation প্রদর্শন করার জন্য কোন কমান্ড ব্যবহৃত হয়?

উত্তর: Slide animation প্রদর্শন করার জন্য স্লাইড শো ট্যাব এ Click করতে হবে। তারপর যে উইন্ডো আসবে সেখান থেকে From Beginning বা Form current slide এ Click করতে হবে। slide show tab- এ click করতে না চাইলে slide এর নিচের অংশে ডানদিকে Slide view তে Slide show চিহ্নে Click করতে হবে। অথবা কী- বোর্ড থেকে F5 বাটন চাপতে হবে।

১৬৭.Presentation কী?

উত্তর: পাওয়ার পয়েন্ট যখন কতগুলো স্লাইডকে কোনো নামে সংরক্ষণ করা হয়, তখন তাকে Presentation বলে। Presentation এর প্রতিটি স্লাইডে ইচ্ছামতো ডিজাইন, কালার, শব্দ ইত্যাদি সংযোগ করা যায়।

১৬৮. স্লাইড কী?

উত্তর: পাওয়ার পয়েন্ট এর Presentation এর (একটি ফাইলে) এক বা একাধিক পৃষ্ঠা থাকে। প্রতিটি পৃথক পৃষ্ঠাকে স্লাইড বলে।

১৬৯. Handouts কী?

উত্তর: Presentation শুরুর আগে দর্শকদের প্রেজেন্টেশনের বিষয়বস্তু সম্বন্ধে ধারণা দেওয়ার জন্য সেই প্রেজেন্টেশনটির প্রিন্ট করা কাগজ দেওয়া হয়, এটিকে Handouts বলে।

১৭০. Outline কী?

rsacademybd.com

উত্তর: প্রেজেন্টেশন তৈরির সময় মূল টেক্সট এবং হেড লাইনের সাথে ছোট আকারে ইমেজ নিয়ে কাজ করা যায়, এটিকে Outline বলে।

১৭১. New presentation কী?

উত্তর: নতুন প্রেজেন্টেশন তৈরি করার জন্য New presentation অপশনটি ব্যবহৃত হয়।

১৭২. Slide layout কী?

উত্তর: যে অংশে স্লাইড লে – আউট রয়েছে, সেখান থেকে পছন্দমতো লে- আউট সিলেক্ট করে slide layout তৈরি করা যায়।

১৭৩. Slide design কী?

উত্তর: স্লাইডের বিভিন্ন প্রিবিল্ট ( পূর্বে তৈরিকৃত) ডিজাইনের লিস্ট থেকে স্লাইডের জন্য ডিজাইন, কালার অ্যানিমেশন , ইফেক্ট সিলেক্ট করাকে Slide design বলে।

১৭৪. Custom Animation কী?

উত্তর: Custom Animation এ অ্যাডভান্স অ্যানিমেশন ও মাল্টিমিডিয়া যুক্ত করা বিভিন্নি অপশন এখানে পাওয়া যায়।

১৭৫.Slide Transition কী?

উত্তর:বিভিন্ন স্লাইডের মধ্যে ট্রানজিশন ইফেক্ট যোগ করার জন্য Slide Transition ট্যাবটি সিলেক্ট করতে হয়।

১৭৬. MS Access program এ Export এর কাজ কী?

উত্তর: এম এস অ্যাক্সেস হতে Data এক্সেল এ অন্য কোনো ফরমেটে রুপান্তর করা।

১৭৭. মাইক্রোসফট অ্যাক্সেস কী?

উত্তর: মাইক্রোসফট অ্যাক্সেস একটি ডাটাবেস সফটওয়্যার। এই সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে বিভিন্ন টেবিল তৈরি করে ডাটা এন্ট্রির জন্য সহজবোধ্য ও আকর্ষনীয় ফর্ম ডিজাইন করা যায়।

১৭৮. ডাটাবেজ কী?

উত্তরঃ শাব্দিক অর্থে ডাটাবেস হচ্ছে কোনো সম্পর্কিত বিষয়ের উপর ব্যাপক তথ্য বা উপাত্তের সমাবেশ। অথবা , ডাটাবেস বলতে তথ্যের সমাবেশ বা ভান্ডারকে বুঝায়। পরস্পর সম্পর্কযুক্ত তথ্যকে বলা হয় ডাটাবেস।

১৭৯. ফরেন কী বলতে কী বুঝায়?

উত্তরঃ একটি Table এর প্রাইমারি কী যখন অন্য টেবিল এর কোনো key এর সাথে রিলেশন তৈরি করে তখন অন্য Table এর সেই key কে Foreign key বলে। অর্থাৎ Primary key যার সাথে রিলেশন সৃষ্টি করে, সেই হলো Foreign key.

১৮০. কুয়েরি কী?

উত্তর: কোনো টেবিলের সংরক্ষিত লাখ লাখ ডাটা থেকে শর্তসাপেক্ষে প্রয়োজনীয় ডাটা প্রদর্শনের সহজ ও দ্রুত কার্য়কর ব্যবস্থাই হলো কুয়েরি।

১৮১. Database এ ছবি কোন ধরনের Data?

উত্তর: OLE Data Type

১৮২. Query কখন প্রয়োজন হয়?

উত্তর: Database থেকে প্রয়োজনীয় Record খুঁজে বের করার জন্য।

১৮৩. ডাটাবেসের রেকর্ড মুছে ফেলা যায় কীভাবে?

rsacademybd.com

উত্তর: যে রেকর্ডটি মুছার দরকার সেই রেকর্ডটি সিলেক্ট করে মাউসের রাইট বাটন ক্লিক করতে হবে, তারপর একটি লিস্ট আসবে, সেখান থেকে Delete অপশন এ Click করতে হবে। এরপর একটি ডায়ালগ বক্স আসবে। ডায়ালগ বক্স থেকে Yes বাটন প্রেস করলেই রেকর্ডটি Delete হয়ে যাবে।

১৮৪. দুটি Database Software এর নাম লেখ।

উত্তর: দুটি Database Software এর নাম হলো

I. মাইক্রোসফট অ্যাক্সেস
II. ফক্সপ্রো।

১৮৫. Primary key বলতে কী বুঝায়?

উত্তর: Primary key এমন একটি key, যা এককভাবে শনাক্ত করা যায়। কোনো Table এর কোনো Field এ Primary key set করে ফিল্ডটিকে স্বতন্ত্র করা হয় অর্থাৎ এই ফিল্ড এর মান একক হবে।

১৮৬. কোনো Database এর Data print করার পর্য়ায়গুলো সংক্ষেপে বর্ণনা কর।

উত্তর: MS access -2007/ 2010/ 2013 এর ক্ষেত্রে প্রথম table তৈরি করতে হবে। এরপর table এর উপর Table তৈরি করতে হবে। অতঃপর Office button থেকে বা File menu হতে Print command এ ক্লিক করতে হবে।Print dialog box আসবে। Page number select করে Print option এ ক্লিক করতে হবে। তারপর Ok button এ Press করতে হবে।

১৮৭. MS access এ কুয়েরি কেন ব্যবহার করা হয়, উল্লেখ কর।

উত্তর: বিপুল পরিমাণ তথ্য সম্বলিত ডাটাবেস থেকে প্রয়োজনীয় যে কোনো তথ্য কিংবা রেকর্ড সমূহ খুব সহজে এবং অত্যন্ত দ্রুত খুঁজে বের করার জন্য কুয়েরি ব্যবহা করা হয়।

১৮৮. কতগুলো Interconnected field মিলে কী তৈরি করা হয়?

উত্তর: Record

১৮৯. Database Program এ From তৈরি করা হয় কেন?

উত্তর: সুন্দর ও আকর্ষণীয়ভাবে ডিজাইনের মাধ্যমে এক বা একাধিক টেবিলে ডাটা collection করার জন্য তৈরি করা হয়।

১৯০. অ্যাক্সেস From এর কাজ উল্লেখ কর।

উত্তর: ডাটাবেস প্রক্রিয়াকৃত ডাটা প্রদর্শন ব্যবস্থা নিয়ন্ত্রণ করা ফর্ম এর কাজ।

১৯১. Marks- Field এর Data type কী?

উত্তর: Number

১৯২.অ্যাক্সেস From এর কাজ উল্লেখ কর।

উত্তর: ডাটাবেস প্রক্রিয়াকৃত ডাটা প্রদর্শন ব্যবস্থা নিয়ন্ত্রণ করা ফর্ম এর কাজ।

১৯৩. File ও রেকর্ড এর মাঝে পার্থক্য কী?

উত্তর: ডাটা টেবিলের ফিল্ড সমূহের অধীনে যে সব তথ্যবলি সারি বা সারিসমূহে এন্ট্রি করা হয়, উক্ত প্রতিটি সারির তথ্যাবলির সমষ্টি হলো রেকর্ড। অপরদিকে, ফাইল হচ্ছে এক বা একাধিক টেবিল বা তথ্যের সমষ্টি।

১৯৪. MS access প্রোগ্রামে যে কোনো চার প্রকার ডাটা টাইপের নাম লেখ।

উত্তর: MS access এর চারটি ডাটা টাইপ হলো-

ক. টেক্সট খ. নাম্বার গ. ডেট/ টাইম ঘ. কারেন্সি

১৯৫. ডাটা (Data) বা উপাত্ত কী ?

rsacademybd.com

উত্তর: তথ্যের অন্তর্ভুক্ত ক্ষুদ্রতম অংশসমূহ হচ্ছে ডাটা বা উপাত্ত। ডাটাকে প্রসেস করলে তথ্য পাওয়া যায়।

১৯৬. ডাটাবেসের বিভিন্ন উপাদানসমূহ কী কী?

উত্তর: ডাটাবেসের উপাদানসমূহ হলো- ক. ডাটা খ. রেকর্ড গ. ফিল্ড

১৯৭. ম্যাক্রো কী?

উত্তর: ম্যাক্রো হলো ডাটাবেসের একটি শক্তিশালী উপাদান। কাজের গতিকে বাড়ানোর কাজে ম্যাক্রোর কোনো জুড়ি নেই। পর পর সম্পাদিত অনেকগুলো কাজের তালিকাকে ম্যাক্রো হিসাবে রেকডিং করে রাখা হয়।

১৯৮. SQL – এর মূল তিনটি ক্লোজ লেখ।

উত্তর: SQL – এর মূল তিনটি ক্লোজ হলোঃ

1.Select 2. From 3. Were

১৯৯. নেটওয়ার্ক কী ?

উত্তর: আন্তঃসংযোগ মেইল এর সংক্ষিপ্ত রুপ হলো ই-মেইল। এটি ইন্টারনেটের একটি বিশেষ সেবা, যার মাধ্যমে পৃথিবীর যে কোনো প্রান্তে অবস্থিত ইলেকট্রনিক মেইল অ্যাড্রেসধারী যে কোনো ব্যবহারকারীর কম্পিউটারে বার্তা প্রেরণ এবং বার্তা গ্রহণ করা যায়।

২০০. ই- কমার্স কী?

উত্তর: ইলেকট্রনিক কমার্সকেই সাধারণ অর্থে ই- কমার্স বলা হয়।

২০১. ই-মেইল কী?

উত্তর: ইলেকট্রনিক মেইল এর সংক্ষিপ্ত রুপ হলো ই- মেইল। এটি ইন্টারনেটের একটি বিশেষ সেবা, যার মাধ্যমে পৃথিবীর যে কোনো প্রান্তে অবস্থিত ইলেকট্রনিক মেইল অ্যাড্রেসধারী যে কোনো ব্যবহারকারীর কম্পিউটারে বার্তা প্রেরণ এবং বার্তা গ্রহণ করা যায়।

২০২. WWW বলতে কী বুঝায়?

উত্তর: একটি ওয়েব পেজের সাথে অপর এক বা একাধিক ওয়েব পেজের সংযোগ স্থাপন করা যায়। এভাবে স্থাপিত সংযোগকে হাইপার লিংক বলা হয়।

২০৩. দুটি Network operating systems এর নাম লেখ।

উত্তর: UNIX, LINUX

২০৪. দুটি জনপ্রিয় Search Engine এর নাম লিখ।

উত্তর: দুটি জনপ্রিয় Search Engine হলো-

(i)Yahoo (ii) Google

২০৫.Yahoo messenger এর কাজ কী?

উত্তর: Chatting করা, Text, audio, Video ইত্যাদি Message পাঠানো।

২০৬. ওয়েব ব্রাউজার কী?

উত্তর: ব্যবহারকারী তার কম্পিউটারে ওয়েবসাইট দেখার জন্য যে প্রোগ্রামটি ব্যবহার করে, সেটি হচ্ছে ব্রাউজার। ব্রাউজার মুলত সার্ভার হতে তথ্য নিয়ে ব্যবহারকারীর সামনে উপস্থাপন করে। তাই ওয়েব পেজটি দেখতে কেমন হবে তা নির্ভর করে ব্রাউজারের উপর। ওয়েব পেজ ডিজাইন করতে HTML এর সহযোগীতার প্রয়োজন হয়।

২০৭. হোমপেজ কী?

উত্তর: একটি ওয়েব পেইজ এর প্রাথমিক বা প্রধানি পেজ হচ্ছে হোম পেইজ। ওয়েব পেইজের সব ধরনের সংক্ষিপ্ত বিবরণ থাকে এই হোম পেইজে।

rsacademybd.com

২০৮. ICT এর পূর্ণরুপ কী?

উত্তর: ICT এর পূর্ণরুপ হলো – Information and communication Technology

২০৯. E-mail এর ক্ষেত্রে CC ও BCC এর মাঝে পার্থক্য কী?

উত্তর: CC এর পূর্ণরুপ হলো কার্বন কপি, এবং BCC এর পূর্ণরুপ হলো- ব্লাইন্ড কার্বন কপি। এর মাধ্যমে কোনো মেইল প্রেরণ করলে সেখানে সেন্ডারের ইমেইল অ্যাড্রেস শো করবে। কিন্তু BCC এর মাধ্যমে কোনো মেইল প্রেরণ করলে সেখানে প্রেরকের নাম শো করবে।

২১০. দুটি ব্রাউজার সফটওয়্যার এর নাম লেখ।

উত্তর: দুটি ব্রাউজার সফটওয়্যার এর নাম নিম্নরুপ-

ক.গুগল ক্রোম খ. মোজিলা ফায়ার ফক্স গ. অপেরা

২১১. ই-মেইল অ্যাড্রেসের ফরমেট লেখ।

উত্তর: userid@yahoo.com অথবা Userid@gamil.com

২১২. ই- মেইল অ্যাড্রেসের বিভিন্ন অংশগুলো চিহ্নিত কর।

উত্তর: ই- মেইল অ্যাড্রেস একটি ইউনিক অ্যাড্রেস। অর্থাৎ এক নামে শুধু একটিমাত্র ই-মেইল অ্যাড্রেস থাকে। ই-মেইল অ্যাড্রেস ইংরেজি ছোট হাতের অক্ষরে লিখতে হয়।ই মেইল অ্যাড্রেসের সাধারণ গঠন হলোঃ < Userid>@ domain Name>. প্রতিটি ই-মেইল অ্যাড্রেসের দুটি অংশ থাকে। অংশ দুটির মাঝে সেপারেটর হিসাবে একটি @ (cat sign) ব্যবহৃত হয়।

২১৩. BTEB এর পূর্ণরুপ লেখ।

উত্তর: Bangladesh Technical Education Board.

২১৪. দুটি ই-মেইল সফটওয়্যার এর নাম লেখ।

উত্তর: Yahoo, G-mail

২১৫. Mozila Firefox কী?

উত্তর:এটি একটি জনপ্রিয় ওয়েব ব্রাউজার।

২১৬.VIOP এর পূর্ণরুপ কী?

উত্তর: Voice over Internet Protocol.

২১৭. IRC কী?

উত্তর:IRC এর পূর্ণরুপ হচ্ছে- Internet Relay chat. এটি একটি ইন্টারনেট চ্যাটিং স্থান, যা ফিনল্যান্ডে প্রথম শুরু হয়।

২১৮. Linux কী?

উত্তর: Linux হলো ওপেন সোর্স সফটওয়্যার অপারেটিং সিস্টেম।

২১৯. TCP/ IP এর পূর্ণরুপ কী?

উত্তর: TCP/ IP এর পূর্ণরুপ হলো- Transmission control Protocol/ Internet Protocol

২২০. গুগল জি স্যুইট এর উপাদান সমূহ লেখ।

উত্তর: গুগল জি স্যুইট এর উপাদান সমূহ হলোঃ

১. জি- মেইল

২. হ্যাং আউট

৩. ক্যালেন্ডার

৪. ড্রাইভ

rsacademybd.com

৫. ডকস

৬. শিটস

৭. ম্যাপস

৮. স্লাইডস

২২১. কত সালে গুগল আবিষ্কার করা হয়?

উত্তর: ১৯৯৬ সালে গবেষণা প্রকল্প হিসাবে ক্যালিফোর্নিয়ার স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয়ের দুজন পিএইচডি কোর্সের ছাত্র এটির কাজ শুরু করেন। পরবর্তীতে ডোমেইন নাম হিসাবে ১৫ সেপ্টেম্বর ১৯৯৭ সালে গুগল নিবন্ধিত হয় এবং কর্পোরেশন হিসাবে ৪ সেপ্টেম্বর ১৯৯৮ সালে আত্মপ্রকাশ করে।

২২২. কোথায় গুগল আবিষ্কৃত হয়?

উত্তর: ক্যালিফোর্নিয়ার মেনেলো পার্কে গুগল আবিষ্কৃত হয়।

২২৩. গুগল আবিষ্কারকের নাম লেখ।

উত্তর: ল্যারি পেজ এবং সার্জি ব্রিন।

২২৪. গুগলের ওয়েবসাইটের নাম লেখ।

উত্তর: Google. Com

২২৫. জি-মেইল কী?

উত্তর: জি –মেইল হলো গুগলের একটি ফ্রি সেবা, যার মাধ্যমে একজন ব্যবহারকারী ইন্টারনেট ব্যবহার করে ই-মেইল আদান প্রদান করতে পারে।

২২৬. গুগলের ডকস এর কাজ কী?

উত্তর: গুগল ডকস হলো গুগলের একটি জনপ্রিয় সেবা,যার মাধ্যমে বিভিন্ন ডকুমেন্ট গুগল ড্রাইভে স্টোর করে রাখা যায়।

২২৭. গুগল কোন ধরনের ল্যাংগুয়েজ সমর্থন করে?

উত্তর: গুগল HTML (Hypertext markup language)

২২৮. অফিসিয়ালি গুগল কবে যাত্রা শুরু করে?

উত্তর: ১৯৯৮ সালে ৪ সেপ্টেম্বর গুগল অফিশিয়ালি যাত্রা শুরু করে।

২২৯.গুগলের ব্যবহার লেখ।

উত্তর: গুগর সর্বাধিক ব্যবহৃত হয় ওয়েব বেসড সার্চ ইঞ্জিন।

২৩০. ব্রান্ড বলতে কি বুঝায়?

উত্তর: মার্কা হচ্ছে একটি নাম, পরিচিতজ্ঞাপক শব্দগুচ্ছ, একটি স্মারকচিহ্ন, একটি প্রতীক এবং নকশা পরিকল্পনা অথবা এসবগুলোর একটি সমন্বিত রুপ, যা কোনো বিক্রেতা বা বিক্রেতা গোষ্ঠীর পণ্য ও সেবার নিজস্ব পরিচিতি গড়ে তোলে এবং প্রতিযোগদের চেয়ে নিজেদের আলাদাভাবে উপস্থাপন করে।

২৩১. ব্রান্ড এর উপাদান সমূহ লেখ।

উত্তর: ব্রান্ড সাধারণত অনেকগুলো উপাদান নিয়ে গঠিত,যথা-

ক. নাম

খ. লোগো

গ. ট্যাগলাইন

ঘ. গ্রাফিক্স

ঙ. রং

২৩২. সোশ্যাল মিডিয়া মার্কেটিং বলতে কী বুঝায়?

rsacademybd.com

উত্তর: সাধারণত সোশ্যাল মিডিয়া মার্কেটিং বলতে ফেসবুক, ইউটিউব, টুইটার, ইনস্টাগ্রাম, লিঙ্কডইন ইত্যাদি সাইটগুলোকেই বুঝায়। অর্থাৎ এসব সাইটে পোস্ট করে এবং ভিডিও প্রকাশ করে যে মার্কেটিং করা হয়, তাকে স্যোশাল মিডিয়া মার্কেটিং বলে।

২৩৩. ভিডিও পোর্টফোলিও বলতে কী বুঝায়?

উত্তর: আগে ডিজাইনাররা প্রিন্ট সংস্করণের মাধ্যমে তাদের ডিজাইন প্রদর্শন করে। বর্তমানে গ্রাফিক্স ক্রিয়েটিভ ডিজাইনাররা তাদের কাজকে পোর্টফোলিওর মাধ্যমে প্রকাশ করতে পারে। পোর্টফোলিও হচ্ছে স্কিলস, গুণ, শিক্ষা, ট্রেনিং এবং অভিজ্ঞতার সমস্টি। সুতরাং ভিডিও পোর্ট ফোলিও হলো একজন ব্যক্তির গুণ, শিক্ষা, ট্রেনিং ইত্যাদি বিষয়সমূহ ভিডিওর মাধ্যমে উপস্থাপন করা। একজন ফ্রিল্যান্সারের কাজের বৈশিষ্ট্য ও কোয়ালিটি পোর্টফোলিওর মাধ্যমে মাপা যায়।

২৩৪. আপওয়ার্ক কী?

উত্তর: আপওয়ার্ক একটি ফ্রিল্যান্সিং মার্কেটপ্লেস। এটি একটি বিশ্বব্যাপী চাকরীর বাজার ভিত্তিক কোম্পানি, যার লক্ষ্য হলো বিভিন্ন ধরনের কাজ, বিশ্বের যে কোনো জায়গা থেকে কর্মী হায়ার করে নেয়া। এটি নির্দিষ্ট কোনো চাকরি নয়।এটি একটি মুক্তপেশা

২৩৫. গিগ কী?

উত্তর: গিগ হচ্ছে একটি অফার করা সার্ভিসের নাম।প্রাথমিক ভাবে গিগটির মুল্য হিসাবে ৫ ডলারে বায়ারের কাছে বিক্রি করা হয় এবং গিগটির তৈরি করার সময় নির্ধারিত শর্ত অনুযায়ী সম্পূর্ণ করতে হয়।

২৩৬. ফ্রিল্যান্সিং বলতে কী বুঝায়?

উত্তর: ফ্রিল্যান্সিং শব্দের অর্থ হচ্ছে মুক্তপেশা। নির্দিষ্ট কোনো কোম্পানীর অধীনে না থেকে স্বাধীনভাবে বিভিন্নি প্রতিষ্ঠানের হয়ে কাজ করাকে বলা হয় ফ্রিল্যান্সিং।

rsacademybd.com